# Times Today BD

ইমরান হোসেন রাজ | খুলনা | 11 May, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামী যশোর জেলার শহর শাখার উদ্যোগে আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করায় অন্তর্বর্তি সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে ‘শোকরানা সমাবেশ ও আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১১ মে) বিকাল ৫টায় যশোর দড়াটানা ভৈরব চত্বরে সমাবেশের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমীর অধ্যাপক গোলাম রসুল।

এছাড়া জেলা জামায়াতের সেক্রেটারি অধ্যক্ষ আবু জাফর সিদ্দিকী, সহকারী সেক্রেটারি অধ্যাপক গোলাম কুদ্দুস, মাওলানা রেজাউল করিম, অধ্যাপক মনিরুজ্জামান, প্রচার সেক্রেটারি শাহাবুদ্দিন বিশ্বাস, খন্দকার রশিদুজ্জামান রতন, অধ্যাপক আশরাফ আলী, মাওলানা ইসমাইল হোসেন, জামায়াত ও ইসলামী ছাত্রশিবির নেতৃবৃন্দ বক্তব্য প্রদান করেন। সভাপতিত্ব করেন শহর শাখা সভাপতি অধ্যাপক শামসুজ্জামান। সঞ্চালনা করেন শহর সেক্রেটারি ইমরান হোসাইন।

সমাবেশে হাজারো নেতাকর্মী উপস্থিত ছিলেন।পরে সেখান থেকে আনন্দ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

আ'লীগ রাজনীতি আনন্দ মিছিল জামায়াতে ইসলামী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 11:52

URL: https://timestodaybd.com/khulna/1465502326